

📃 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭:৫

💵 আরবি মূল আয়াত:

فَمَا كَانَ دَعلِهُم إِذ جَآءَهُم بَاسُنَا إِلَّا أَن قَالُوا إِنَّا كُنَّا ظُلِمِينَ ﴿٥﴾

🗚 অনুবাদসমূহ:

সুতরাং যখন তাদের নিকট আমার আযাব এসেছে, তখন তাদের দাবী কেবল এই ছিল যে, তারা বলল, 'নিশ্চয় আমরা যালিম ছিলাম'। — আল-বায়ান

আমার শাস্তি যখন তাদের উপর এসেছিল তখন এ কথা বলা ছাড়া তারা আর কোন ধ্বনি উচ্চারণ করতে পারেনি যে, "অবশ্যই আমরা যালিম ছিলাম"। — তাইসিক্রল

আমার শাস্তি যখন তাদের কাছে এসে পড়েছিল তখন তাদের মুখে "বাস্তবিকই আমরা অত্যাচারী ছিলাম" এ কথা ছাড়া আর কিছুই ছিলনা। — মুজিবুর রহমান

And their declaration when Our punishment came to them was only that they said, "Indeed, we were wrongdoers!" — Sahih International

- ৫. অতঃপর যখন আমাদের শাস্তি তাদের উপর আপতিত হয়েছিল, তখন তাদের দাবী শুধু এই ছিল যে, তারা বলল, নিশ্চয় আমরা যালিম ছিলাম।(১)
 - (১) অন্য আয়াতেও আল্লাহ তা'আলা তাদের এ অবস্থার কথা বর্ণনা করেছেন। আল্লাহ বলেন, "আর আমরা ধ্বংস করেছি বহু জনপদ, যার অধিবাসীরা ছিল যালেম এবং তাদের পরে সৃষ্টি করেছি অন্য জাতি। তারপর যখন তারা আমাদের শাস্তি টের পেল তখনই তারা সেখান থেকে পালাতে লাগল। 'পালিয়ে যেও না এবং ফিরে এসো যেখানে তোমরা বিলাসিতায় মন্ত ছিলে ও তোমাদের আবাসগৃহে, যাতে এ বিষয়ে তোমাদেরকে জিজ্ঞেস করা হয়।" [সূরা আল-আম্বিয়া ১১-১৩]

তাফসীরে জাকারিয়া

- (৫) যখন আমার শাস্তি তাদের উপর আপতিত হয়েছিল, তখন তাদের কথা শুধু এটিই ছিল যে, নিশ্চয় আমরা সীমালংঘন করেছি। [1]
 - [1] কিন্তু আযাব এসে যাওয়ার পর এই ধরনের স্বীকারোক্তির কোনই লাভ নেই। যেমন, পূর্বেও এ কথা উল্লিখিত হয়েছে।{فَا مُ يَنْفَعُهُمْ إِيمَانُهُمْ لَمَّا رَأَوْا بَأْسَنَا} অর্থাৎ, যখন তারা আমার শাস্তি প্রত্যক্ষ করল, তখন তাদের স্কিমান কোন উপকারে আসল না। (সূরা মু'মিনঃ ৮৫)





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=959

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন